

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯০৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৫, সালাতের মধ্যে এদিক সেদিক তাকানো সম্পর্কে

باب الإلْتِفَاتِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، قَالَ أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، قَالَ سَمِعْتُ أَبَا الْأَحْوَصِ، يُحَدِّثُنَا فِي مَجْلِسِ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ قَالَ أَبُو ذَرِّ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَا يَزَالُ اللهُ عَزَّ وَجَلَّ مُقْبِلاً عَلَى الْعَبْدِ وَهُوَ فِي صَلَاتِهِ مَا لَمْ يَلْتَفِتْ فَإِذَا الْتَفَتَ انْصَرَفَ عَنْهُ ".
يَلْتَفِتْ فَإِذَا الْتَفَتَ انْصَرَفَ عَنْهُ ".

_ ضعیف

বাংলা

৯০৯। আবূ যার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতের মধ্যে বান্দা যতক্ষণ পর্যন্ত এদিক সেদিক না তাকায়, ততক্ষণ পর্যন্ত মহান আল্লাহর দৃষ্টি তার দিকে থাকে (বা আল্লাহ তার সামনেই থাকেন)। পক্ষান্তরে যখন সে এদিক সেদিক তাকায়, তখন মহান আল্লাহ তার থেকে দৃষ্টি ফিরিয়ে নেন।[1]

দূর্বল।

English

Narrated AbuDharr:

The Prophet (ﷺ) said: Allah, the Most High, continues to turn favourably towards a servant while he is engaged in prayer as long as he does not look to the side (by turning the neck), but if he does so, He turns away from him.



ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সাহু, হাঃ ১১৯৪), আহমাদ, হাকিম। ইমাম হাকিম বলেন, সানাদ সহীহ। ইমাম যাহাবী তার সাথে একমত প্রকাশ করেন। শায়খ আলবানী একে যঈফ বলেছেন। তিনি বলেন, এর সনদে আবুল আহওয়াস হলেন যুহরীর শায়খ। তিনি অজ্ঞাত। যুহরী ছাড়া কেউ তার থেকে বর্ণনা করেননি। হাফিয আত-তারুরীব গ্রন্থে বলেন, আবুল আহওয়াস মারুবুল। তার থেকে যুহরী ব্যতীত কেউ বর্ণণা করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন